

💵 হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ গুনাহ্'র অপকার

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

গুনাহ্ গুনাস্গারের বুদ্ধিমত্তায় একান্ত প্রভাব ফেলে

8০. গুনাহ্ গুনাহ্গারের বুদ্ধিমন্তায় একান্ত প্রভাব ফেলে। আপনি স্বচক্ষেই দু' জন বুদ্ধিমানের মধ্যে বুদ্ধির তফাৎ দেখবেন। যাদের এক জন আল্লাহ্'র আনুগত্যশীল আর আরেক জন অবাধ্য। দেখবেন, আল্লাহ্'র আনুগত্যকারীর বুদ্ধি অপর জনের চাইতেও বেশি। তার চিন্তা ও সিদ্ধান্ত একান্তই সঠিক।

এমন ব্যক্তিকে কিভাবে বুদ্ধিমান বলা যেতে পারে যে অনন্তকালের সুখ শান্তিকে কুরবানি দিয়ে দুনিয়ার সামান্য সুখকে গ্রহণ করলো। মু'মিন তো এমনই হওয়া উচিত যে, সে দুনিয়ার সামান্য সুখভোগকে কুরবানি দিয়ে আখিরাতের চিরসুখের আশা করবে। আল্লাহ্ তা'আলা বলেন:

□إِنْ تَكُوْنُوْا تَأْلُمُوْنَ فَإِنَّهُمْ يَأْلُمُوْنَ كَمَا تَأْلُمُوْنَ وَتَرْجُوْنَ مِنَ اللهِ مَا لَا يَرْجُوْنَ □

"তোমরা যদি কষ্ট পেয়ে থাকো তা হলে তারাও তো তোমাদের ন্যায় কষ্ট পেয়েছে। তবে আল্লাহ্ তা'আলার নিকট তোমাদের যে (পরকালের) আশা ও ভরসা রয়েছে তা তাদের নেই"। (নিসা': ১০৪)

Source — https://www.hadithbd.com/books/link/?id=6613

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন